

বিজ্ঞপ্তি

৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-১৯৪

তারিখ : ২৩.০৫.২০১৭

বিষয়ঃ নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমীর “মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা”, সমুদ্র পরিবহন অধিদপ্তরের “সহকারী পরিচালক” ও “কো-অর্ডিনেটর” এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “নকশাকার (ড্রাফটস্ম্যান)”, “উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ)” ও “এস্টিমেটর (পুর)” পদের নিয়োগ পরীক্ষার ফলাফল।

নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমীর “মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা”, সমুদ্র পরিবহন অধিদপ্তরের “সহকারী পরিচালক” ও “কো-অর্ডিনেটর” এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “নকশাকার (ড্রাফটস্ম্যান)”, “উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ)” ও “এস্টিমেটর (পুর)” পদে নিয়োগের জন্য নিম্নে উল্লেখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদেরকে কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করা হয়েছে :

ক. নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী “মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা”(১ম শ্রেণি) :

রেজিঃ নং ০০০০০২ = ০১ জন।

খ. নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের “সহকারী পরিচালক” (২য় শ্রেণি) :

রেজিঃ নং ০০০৪৯৬ = ০১ জন।

গ. নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের “কো-অর্ডিনেটর” (২য় শ্রেণি) :

রেজিঃ নং ০০০২৩৫ = ০১ জন।

ঘ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “নকশাকার (ড্রাফটস্ম্যান)” (২য় শ্রেণি) :

রেজিঃ নং ০০০২৪৪, ০০০১১২ ও ০০০৬৬৭ = ০৩ জন।

ঙ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ)” (২য় শ্রেণি) :

রেজিঃ নং ০০০৮০০, ০০০১৭৫, ০০০৮২৯, ০০০১৩০, ৬০০০০১, ০০০১৫৬, ০০০২৮৯ ও ৩০০১৪৬ = ০৮ জন।

চ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “এস্টিমেটর (পুর)” (২য় শ্রেণি) :

রেজিঃ নং ০০০৭২৫, ০০০৬৯২, ০০০৬১৭, ০০০৬০৫, ০০০৫৪৪, ০০০১৫৪, ০০০২৩৩ ও ০০০৩৮৪ = ০৮ জন।

২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রার্থীর অঙ্গীকারনামার ভিত্তিতে কমিশন প্রার্থীদেরকে এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৩. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৫. প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬. ফলাফল কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

(শেখ শাখাওয়ার হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)